



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) BANGLADESH LEGAL AID and SERVICES TRUST (BLAST)

১৫ ফেব্রুয়ারী, ২০১৬

## প্রেস বিজ্ঞপ্তি

### রানা প্লাজা ভবন ধস ও তাজরীন অগ্নিকান্ডের অভিযোগ গ্রহণ কর্মসূচী: গণ অভিযোগ দায়েরের নতুন দ্বার উন্মোচন

রানা প্লাজা ও তাজরীন অগ্নিকান্ডের অভিযোগ ব্যবস্থাপনার নির্বাহী কমিশনার ড. মুজতবা কাজাজি আজ এক সেমিনারে তার অভিজ্ঞতা বিনিময়ে বলেন, রানা প্লাজা ভবন ধস এবং তাজরীন অগ্নিকান্ডের ঘটনায় ক্ষতিগ্রস্থদের জন্য গণ অভিযোগ ব্যবস্থাপনায় কাজ করতে গিয়ে যথাযথ তালিকা তৈরীর গুরুত্ব কতখানি তা বোঝা গিয়েছে। পাশাপাশি বিভিন্ন প্রতিবন্ধিতার ধরণ এবং এ সংক্রান্ত ক্ষতির পরিমাণ চিহ্নিত করা গেছে। তিনি আরও বলেন, এই পুরো অভিযোগ দেয়ার প্রক্রিয়াটি সারা পৃথিবীতে একটি অনুসরণীয় উদাহরণ তৈরী করেছে।

আজ ১৫ ফেব্রুয়ারী ২০১৬ তারিখে বাংলাদেশ সুপ্রীম কোর্টের বার এসোসিয়েশনের আরব্রিটেশন কক্ষে বাংলাদেশ লিগ্যাল এইড ও সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর উদ্যোগে “রানা প্লাজা ভবন ধস ও তাজরীন অগ্নিকান্ডের অভিযোগ গ্রহণ কর্মসূচী: গণ অভিযোগ দায়েরের নতুন দ্বার উন্মোচন” শীর্ষক সেমিনারে তিনি এ বক্তব্য তুলে ধরেন।

রানা প্লাজা ভবন ধসে ও তাজরীন কারখানায় অগ্নিকান্ডের দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থদের স্বচ্ছ ও সুসংগতভাবে সাহায্য পৌঁছানোর জন্য বিশ্বব্যাপী ও সম্মিলিত প্রচেষ্টার ভিত্তিতে ঢাকায় ‘রানা প্লাজা অভিযোগ গ্রহণ কর্মসূচী’ এবং ‘তাজরীন অগ্নিকান্ড অভিযোগ গ্রহণ কর্মসূচী’ নামে ২ টি কর্মসূচী গ্রহণ করা হয়। সেমিনারে মূলত রানা প্লাজা ভবন ধসে এবং তাজরীন অগ্নিকান্ডের দুর্ঘটনায় নিহত, আহত এবং নিখোঁজ শ্রমিকদের অভিযোগ বিবেচনা ও নিষ্পত্তির বিষয়ে বক্তা তার অভিজ্ঞতা বিনিময় করেন। পাশাপাশি সেমিনারে আইএলও কনভেনশন ১২১ এর বিভিন্ন দিক আলোচনা করা হয়।

সেমিনারে সভাপতির বক্তব্যে ড. কামাল হোসেন বলেন, রানা প্লাজা ও তাজরীন অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থদের প্রতিকার দেয়ার জন্য যে পদ্ধতি গ্রহণ করা হয়েছিল তা একটি ইতিবাচক নির্দেশনা হতে পারে। তিনি সুপারিশ করেন যে, এই অভিজ্ঞতাগুলো আমরা অনুরূপভাবে লঞ্চ ডুবি এনং সড়ক দুর্ঘটনায় যারা ক্ষতিগ্রস্থ তাদের জন্য গণ অভিযোগ দায়েরের ক্ষেত্রে কাজে লাগাতে পারি।

সেমিনারে এডভোকেট ইদ্রিসুর রহমান, প্রফেসর হেদার গোল্ডস্মিথ, ড. উত্তম কুমার দাস (আইএলও), ব্যারিস্টার মাকসুদ, এডভোকেট শাহরিয়ার শাকিরসহ সুপ্রিম কোর্টের অন্যান্য আইনজীবী, শ্রম আইন বিশেষজ্ঞ, মানবাধিকার কর্মী, শিক্ষাবিদ এবং সাংবাদিক উপস্থিত ছিলেন।

যোগাযোগে:

মাহবুবা আক্তার, উপ-পরিচালক, যোগাযোগ ও এডভোকেসি, ব্লাস্ট, ফোন-০১৭৭৬০৬০১১৩